গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

কোটেশন আহবান

নং-৪২.০০.০০০০.০৫০.০৭.০০৫.২০-৬১৬

তারিখ ঃ ২৯ পৌষ ১৪৩১
১৩ জানুয়ারি ২০২৫

পানি সম্পদ মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন-৫, পরিকল্পনা-২ অধিশাখা), সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) ও জনসংযোগ কর্মকর্তার অফিস কক্ষে ব্যবহারের জন্য আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে প্রকৃত সরবরাহকারীর নিকট হতে সীল মোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ২১ জানুয়ারি ২০২৫ তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে রক্ষিত বাক্সে (কক্ষ নং-৪০১, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) কোটেশন দাখিল করতে হবে।

শর্তাবলী :-

১। কোটেশন আগামী ২১ জানুয়ারি ২০২৫ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-৩/সেবা শাখায় রক্ষিত বাক্সে (কক্ষ নং-৪০১, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) জমা দিতে হবে। একই দিন বেলা ০৩.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে (ভবন নং-৬, কক্ষ নং ৪০১, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কোটেশন দাতা বা মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে।

২। কোটেশনের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট/আয়কর, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ইত্যাদি সনদের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।

৩। মালামাল সরবরাহকারীর বিল হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট/আইটি কর্তন করা হবে।

৪। পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।

৫। দাখিলকৃত কোটেশনের মধ্যে গ্রহণযোগ্য প্রতিষ্ঠানের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কোটেশন মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে।

৬। যেকোন কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

৭। নিম্নরূপ Specification অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে। কোটেশন দাখিলের পূর্বে কাজের বিবরণ দেখে নেয়া যাবে। মালামাল উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ যোগ্য:

ক্রমিক	মালামালের নাম	পরিমাণ	একক মূল্য	প্রাক্কলিত মূল্য
০১	কাঠের চেয়ার (নমুনামত)	০১টি		
০২	সেক্রেটারিয়েট টেবিল (নমুনামত) (Tulip-127) L1500XW1200XH750mm	০১টি		
০৩	চেয়ার- (Sheriden-119)	০৪টি		
০৪	হাফ সেক্রেটারিয়েট টেবিল (নমুনামত) (TToP002LB) L1400XW750XH750mm	০১টি		
০৫	কম্পিউটার টেবিল- (Sroro11LB) L1000XW500XH750mm	০১টি		
০৬	মোবাইল ড্রয়ার- (Dropoo2LB) L465XW465XH645mm	০১টি		
০৭	চেয়ার- (Reagan Co26)	০১টি		

১৩/১/২০২৫

আ স ম সুজা
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৫৫১০১১৩২

বিতরণ:

১। সচিবালয়ের গেইট ও নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রোগ্রামার পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কোটেশনটি পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।